# নবী (সা.) এর ছলাত সম্পাদনের পদ্ধতি

বিভাগ/অধ্যায়ঃ কিতাবটির সংকলন পদ্ধতি

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ নাছিরুদ্দিন আলবানী (রহ.)

সুন্নাহর অনুসরণ ও তার বিপক্ষে ইমামগণের কথা বর্জন করার ব্যাপারে ইমামগণের উক্তি

এখানে সংশ্লিষ্ট বিষয়ে ইমামগণের পক্ষ থেকে যে সব উক্তি আমি সংগ্রহ করেছি। তার কিছুটা উল্লেখ করা উপকারী বলে মনে করছি। হয়তোবা যারা তাদের বরং তাঁদের চেয়ে অনেক নিম্নপর্যায়ের ব্যক্তিবর্গের অন্ধ অনুকরণ করে; তাদের জন্য এতে উপদেশ থাকতে পারে।[1] তারা তাদের মাযহাব এবং কথাগুলোকে আসমান থেকে অবতীর্ণ ঐশী বাণীর ন্যায় শক্ত হাতে ধরে রাখে। অথচ, আল্লাহ তা’আলা বলেন:

اتَّبِعُوا مَا أُنْزِلَ إِلَيْكُمْ مِنْ رَبِّكُمْ وَلَا تَتَّبِعُوا مِنْ دُونِهِ أَوْلِيَاءَ قَلِيلًا مَا تَذَكَّرُونَ

অর্থঃ তোমরা তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে অবতীর্ণ বিষয়ের অনুসরণ করা, এতদ্ব্যতীত অন্য কোন ওলীর অনুসরণ কর না। তোমরা অল্পই উপদেশ গ্রহণ করে থাক।[2]

## ফুটনোট

[1] এই অন্ধ অনুসরণকে উদ্দেশ্য করেই ইমাম ত্বাহাবী বলেছেনঃ لا يقلد الا عصى أو غبى গোড়া অথবা নির্বোধ ছাড়া অন্য কেউ অন্ধ অনুসরণ (তাকলীদ) করে না। ইবনু আবিদীন একথা তাঁর পুস্তকাগুচ্ছের “রসমীল মুফতী” গ্রন্থে উল্লেখ করেছেন ১ম খণ্ড ৩২ পৃষ্ঠা।

[2] সূরা আ'রাফ ৩ আয়াত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8097

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন